# ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

DHAKA POWER DISTRIBUTION COMPANY LIMITED
(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh )
Web-site: www.dpdc.org.bd

দপ্তর
নির্বাহী পরিচালক (অপারেশন)
বিদ্যুৎ ভবন (৩য় তলা)
১ নং অব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
ফোনঃ ৯৫৬৩৪০৭
E-mail: edo@dpdc.org.bd


স্মারক নং-৮৭.২০১.৪২৪.০০.০০.০০৬.২০১৯.২৩০

তারিখ: ৩১/০৫/২০২১ ইং।

**বিষয়ঃ ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ)'র লক্ষ্যমাত্রা অর্জনকল্পে মে/২০২১ মাসের পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি: | জনাব আবদুর রউফ খান,<br>নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি |
| সভার তারিখ: | ২৩/০৫/২০২১ খ্রি. |
| সভার সময়: | ১০.০০ ঘটিকায় |
| স্থান: | নির্বাহী পরিচালক (অপারেশন) এর দপ্তরকক্ষ |
| উপস্থিতি: | নির্বাহী পরিচালক (প্রকৌশল), প্রধান প্রকৌশলী (উন্নয়ন) ও এপিএ টিমের সকল সদস্য। |

আলোচ্যসূচি:

(১) এপ্রিল/২১ মাস ও ২০২০-২১ অর্থবছরে ১০ (দশ) মাসের অর্জন ;
(২) ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নকল্পে কমিটি গঠন।

**১.০ আলোচনা:**

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি উপস্থাপন করা হয়। নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি মহোদয় সভাকে অবহিত করেন যে, বিদ্যুৎ বিভাগ থেকে ডিপিডিসি'র এপ্রিল/২০২১ পর্যন্ত অর্জন প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ি ডিপিডিসি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এপিএ টিম পুনর্গঠন এবং এপিএ'র সুশাসন ও সংস্কারমূলক কর্ম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ০৫ (পাঁচ) টি কমিটি গঠন করা প্রয়োজন।

সভাপতি আলোচ্যসূচি অনুযায়ি অগ্রসর হওয়ার জন্য ডিজিএম (ফিন্যান্স), রেগুলেটরি এ্যাফেয়ার্স-কে নির্দেশ প্রদান করেন।

**আলোচ্যসূচি নং ১:** এপ্রিল/২১ মাস ও ২০২০-২১ অর্থবছরে ১০ (দশ) মাসের অর্জন।

সভায় ২০২০-২১ অর্থবছরে এপ্রিল/২০২১ মাস ও ২০২০-২১ অর্থবছরে ১০ (দশ) মাসের অর্জন উপস্থাপন করা হয়। সভায় অবহিত করা হয় যে, বিদ্যুৎ বিভাগে প্রেরিত ডিপিডিসি'র এপ্রিল/২০২১ পর্যন্ত অর্জন এর সারসংক্ষেপ নিম্নরূপ:

| কর্ম সম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | গণনা পদ্ধতি | ৯ মাসে অর্জন | এপ্রিল/২১ | ১০ মাসে অর্জন (জুলাই, ২০-এপ্রিল, ২১) |
|---|---|---|---|---|---|
| [১.১.১] বিতরণ লাইন | ৬০ | সমষ্টি | ৮৯.২ | ২.১২ | ৯১.৩২ |
| [১.২.১] উপকেন্দ্রের ক্ষমতা | ৭২০ | সমষ্টি | ৬২৯ | ০ | ৬২৯ |
| [১.৩.১] ওভার লোডেড ট্রান্সফরমার | ০.২ | ক্রমপুঞ্জিভূত | ০.০০১ | ০.০২৩ | ০.০২৩ |
| [১.৩.২] ১১ কেভি ফিডার অটোমেশন | ১০০ | ক্রমপুঞ্জিভূত | ১০০ | ০ | ১০০ |
| [১.৩.৩] SAIDI | ৩৬৫ | সমষ্টি | ১৭৯.৯৪২ | ১৯.০৪৭ | ১৯৮.৯৮৯ |
| [১.৩.৪] SAIFI | ২০ | সমষ্টি | ১৫.২১৫ | ১.৪৬১ | ১৬.৬৭৬ |
| [১.৪.১] বিলিং পয়েন্টে পাওয়ার ফ্যাক্টর | ৯০ | ক্রমপুঞ্জিভূত | ৯১ | ৯১ | ৯১ |
| [১.৫.১] এডিপি বাস্তবায়ন (আর্থিক) | ১০০ | সমষ্টি | ১৯.৮ | ১০.১৯ | ২৯.৯৯ |
| [১.৬.১] ৩৩ কেভি লাইনের জি আই এস ম্যাপিং | ১০০ | সমষ্টি | ১০০ | ০ | ১০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| [১.৬.২] ১১ কেভি লাইনের জি আই এস ম্যাপিং | ১০০ | সমষ্টি | ১০০ | ০ | ১০০ |
| [১.৭.১] আউটসোর্সিং এর মাধ্যমে বিল বিতরণ | ১২ | ক্রমপুঞ্জিভূত | ১৪ | ০ | ১৪ |
| [১.৭.২] গণশুনানি | ৩৬ | সমষ্টি | ২৬ | ০ | ২৬ |
| [১.৮.১] উপকেন্দ্রের সংখ্যা | ১ | সমষ্টি | ২ | ০ | ২ |
| [২.১.১] সিস্টেম লস | ৭.২ | ক্রমপুঞ্জিভূত | ৬.৫৩ | ৭.১৭ | ৬.৬১ |
| [২.২.১] বকেয়া হ্রাস | ২ | ক্রমপুঞ্জিভূত | ১.৮৬ | ১.৮ | ১.৮ |
| [২.২.২] কালেকশন বিল রেশিও | ৯৫ | ক্রমপুঞ্জিভূত | ৯৮.৯৩ | ৮৫.৮৭ | ৯৮.৯৮ |
| [২.৩.১] দেনা পরিশোধ | ৩ | ক্রমপুঞ্জিভূত | ১ | ১ | ১ |
| [২.৩.২] সরকারের নিকট ডিএসএল পরিশোধ | চলতি | সমষ্টি | ২৭.৩২ | ০.০০ | ২৭.৩২ |
| [২.৩.৩] ডেব্ট সার্ভিস কাভারেজ রেশিও | ১.৬:১ | ক্রমপুঞ্জিভূত | ১.৬৫:১ | - | ১.৬৫:১ |
| [২.৩.৪] কারেন্ট রেশিও | ১.৫:১ | ক্রমপুঞ্জিভূত | ২.০৫:১ | - | ২.০৫:১ |
| [২.৩.৫] কুইক রেশিও | ১.২০:১ | ক্রমপুঞ্জিভূত | ১.৮৫:১ | - | ১.৮৫:১ |
| [২.৪.১] ই জিপি টেন্ডারিং | ১০০ | ক্রমপুঞ্জিভূত | ১০০ | ১০০ | ১০০ |
| [৩.১.১] নতুন বিদ্যুৎ সংযোগ | ৩৫০০০ | সমষ্টি | ৫৯০৯২ | ৫১৬০ | ৬৪২৫২ |
| [৩.২.১] প্রিপেইড মিটার স্থাপন | ৪০০০০ | সমষ্টি | ৫৪০১৮ | ৪৬৫৪ | ৫৮৬৭২ |
| [৪.১.১] নেট মিটার স্থাপন | ৫০ | সমষ্টি | ৩৮ | ২ | ৪০ |

সভাপতি এডিপি বাস্তবায়ন (আর্থিক)'র অগ্রগতি লক্ষ্যমাত্রার তুলনায় খুবই কম হওয়ার কারণ জানতে চাইলে প্রধান প্রকৌশলী (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, বিশ্বব্যাপী করোনা পরিস্থিতি ও দেশজুড়ে সর্বাত্মক লকডাউনের কারণে প্রকল্প বাস্তবায়নের কাজ কিছুটা ধীরগতিতে এগিয়েছে। তবে এ অর্থবছরের শেষ ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। আশা করা যাচ্ছে যে, অবশিষ্ট সময়ে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। এ পর্যায়ে নির্বাহী পরিচালক (প্রকৌশল) বলেন যে, নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য রোডম্যাপ প্রণয়নের উপর গুরুত্ব আরোপ করেন এবং ম্যানেজমেন্টের পক্ষ থেকে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন।

**সিদ্ধান্ত:** ২০২০-২১ অর্থবছরে এডিপি বাস্তবায়ন (আর্থিক) এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রধান প্রকৌশলী (উন্নয়ন) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং এপিএ'র অন্যান্য লক্ষ্যমাত্রা অর্জনকল্পে বর্তমান ধারা অব্যাহত রাখতে হবে।

**আলোচ্যসূচি নং ২:** ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নকল্পে কমিটি গঠন।

সভাকে অবহিত করা হয় যে, ডিপিডিসি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বর্তমানে ০৬ (ছয়) সদস্য বিশিষ্ট একটি এপিএ টিম কর্মরত আছে। সম্প্রতি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক দপ্তর/ সংস্থার এপিএ টিম পুনর্গঠন ও দায়িত্ব সংক্রান্ত নির্দেশনা, ২০২১-২২ জারি করা হয়েছে। উক্ত নির্দেশনার আলোকে বর্তমান এপিএ টিম পুনর্গঠন এবং বিভিন্ন ক্ষেত্রে আরও ০৫ (পাঁচ) টি কমিটি গঠন করা আবশ্যক। এপিএ টিম ও ০৫ (পাঁচ) টি কমিটি গঠনের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা নিম্নরূপ:

"বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত এপিএ কার্যক্রমের আওতায় থাকা প্রতিটি সরকারি অফিসে একটি এপিএ টিম থাকবে। এপিএ টিমে প্রশাসন, পরিকল্পনা, উন্নয়ন, বাজেট ও আইসিটি সংশ্লিষ্ট কাজের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাদের অংশগ্রহণ থাকবে। এছাড়াও, জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন এবং তথ্য অধিকার কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদেরও এপিএ টিমে অন্তর্ভুক্ত করা যেতে পারে।"

উক্ত নির্দেশনার আলোকে এপিএ টিম পুনর্গঠন এবং অন্যান্য ৫ (পাঁচ) টি নতুন কমিটি যথা: ১. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি; ২. অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কমিটি; ৩. সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি; ৪. ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটি এবং ৫. তথ্য অধিকার বাস্তবায়ন কমিটি নিম্নরূপে গঠন (দায়িত্বসহ) করা যেতে পারে:

**এপিএ টিম:**

| ক্রমিক নং | ডিপিডিসি'র কর্মকর্তাগণের নাম | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | জনাব আবদুর রউফ খান | নির্বাহী পরিচালক (অপারেশন) | টিম লিডার |
| ২ | জনাব মোহাম্মদ হাসনাত চৌধুরী | মহাব্যবস্থাপক (এইচআর) | সদস্য |
| ৩ | জনাব এ.এইচ. এম মহিউদ্দিন | প্রধান প্রকৌশলী (পিএন্ডডি) | সদস্য |
| ৪ | জনাব মোঃ গিয়াস উদ্দিন | প্রধান প্রকৌশলী (উন্নয়ন) | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| ৫ | জনাব মোঃ ইমদাদুল হক | মহাব্যবস্থাপক (অর্থ) | সদস্য |
| ৬ | জনাব মোঃ রবিউল হাসান | মহাব্যবস্থাপক (আইসিটি) | সদস্য |
| ৭ | জনাব শুভাশীষ মজুমদার | উপ-মহাব্যবস্থাপক (অর্থ), রেগুলেটরি অ্যাফেয়ার্স | ফোকাল পয়েন্ট |

**এপিএ টিমের দায়িত্ব:**

- খসড়া এপিএ প্রণয়ন করা ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা;
- প্রতি দুই মাসে একবার এপিএ'র অগ্রগতি পর্যালোচনা করা;
- এপিএ'র সংশোধন (যদি থাকে) প্রস্তাব উর্ধ্বতন অফিসের নিকট প্রেরণ;
- প্রতি ত্রৈমাসিকের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত এবং উর্ধ্বতন অফিসে প্রেরণ;
- অর্ধবার্ষিক অগ্রগতির প্রমাণক সংরক্ষণ;
- বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত, প্রমাণকের যথার্থতা যাচাই ও সংরক্ষণ এবং অফিস প্রধানের অনুমোদন গ্রহণ করে উর্ধ্বতন অফিসে প্রেরণ;
- এপিএএমএস সফ্টওয়্যারের মাধ্যমে এপিএ প্রণয়ন, পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করা;
- আওতাধীন অফিসের (যদি থাকে) এপিএ চূড়ান্ত করা, এপিএ স্বাক্ষর অনুষ্ঠানের আয়োজন, অর্ধবার্ষিক অগ্রগতির বিষয়ে ফলাবর্তক প্রদান এবং চূড়ান্ত মূল্যায়ন করা; এবং
- এপিএ ক্যালেন্ডার ও নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সকল কাজ সম্পাদন।
- এপিএ সংক্রান্ত নিম্নলিখিত ০৫ (পাঁচ)টি কমিটির সাথে সমন্বয় সাধন পূর্বক সুশাসন ও সংস্কারমূলক কর্ম সম্পাদনে সহযোগিতা করা।

**ক) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি:**

| ক্রমিক নং | ডিপিডিসি'র কর্মকর্তাগণের নাম | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ গোলাম মোস্তফা | নির্বাহী পরিচালক (অর্থ) ও নির্বাহী পরিচালক (আডমিনিসট্রেইশন এন্ড এইচ.আর, অতিরিক্ত দায়িত্ব) | আহবায়ক |
| ২ | জনাব মোঃ গিয়াস উদ্দিন জোয়ার্দার | নির্বাহী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) | সদস্য |
| ৩ | জনাব মোহাম্মদ হাসনাত চৌধুরী | মহাব্যবস্থাপক (এইচ.আর) | সদস্য সচিব |
| ৪ | জনাব মোঃ রবিউল হাসান | মহাব্যবস্থাপক (আইসিটি) | সদস্য |
| ৫ | জনাব মোঃ ইমদাদুল হক | মহাব্যবস্থাপক (অর্থ) | সদস্য |
| ৬ | জনাব নীহার রঞ্জন সরকার | উপ-মহাব্যবস্থাপক (এইচ.আর) | সদস্য (বিকল্প সদস্য-সচিব) |
| ৭ | মিজ শারমিন রহমান | ব্যবস্থাপক (এইচ.আর) | সদস্য |

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির দায়িত্ব:**

- নৈতিকতা কমিটির সভা আয়োজন এবং সভার সিদ্ধান্ত মোতাবেক কাজ করা;
- সুশাসন প্রতিষ্ঠার জন্য অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভার আয়োজন করা;
- শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা;
- কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা;
- জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল করা ও ওয়েবসাইটে আপলোড করা;
- জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক সভা/কর্মশালা আয়োজন করা;
- শুদ্ধাচার পুরস্কার প্রদান এবংপুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা;
- সংশ্লিষ্ট অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ করা;
- প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন করা;
- বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের জন্য যথাযথ পদক্ষেপ নেয়া ও মনিটরিং এর ব্যবস্থা করা এবং
- প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর করা।
- কমিটির সদস্য-সচিব প্রতি মাসে মূল এপিএ কমিটিকে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় বিষয় তথ্য-প্রমাণাদিসহ উপস্থাপন করবেন।

**খ) অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কমিটি:**

| ক্রমিক নং | ডিপিডিসি'র কর্মকর্তাগণের নাম | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | জনাব আবদুল্লাহ নোমান | নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট) | আহবায়ক |
| ২ | জনাব সৈয়দ আশরাফ আলী | প্রধান প্রকৌশলী (উত্তর) | সদস্য |
| ৩ | জনাব মোঃ রবিউল হাসান | মহাব্যবস্থাপক (আইসিটি/টেকনিক্যাল) | সদস্য সচিব/ ফোকাল পয়েন্ট |
| ৪ | জনাব এস এম ইমলাক হোসেন | উপ-মহাব্যবস্থাপক (আইসিটি, রেভিনিউ) | সদস্য |
| ৫ | জনাব মোঃ মোজাফফর হোসেন | নির্বাহী প্রকৌশলী, এনওসিএস জিগাতলা | সদস্য |

**অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব:**

- অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা;
- নির্দিষ্ট সময়ে অনলাইন/ অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি করা;
- অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা;
- অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা এবং
- অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করা।
- কমিটির সদস্য-সচিব প্রতি মাসে মূল এপিএ কমিটিকে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় বিষয় তথ্য-প্রমাণাদিসহ উপস্থাপন করবেন।

**গ) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি:**

| ক্রমিক নং | ডিপিডিসি'র কর্মকর্তাগণের নাম | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ গিয়াস উদ্দিন জোয়ার্দার | নির্বাহী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) | আহবায়ক |
| ২ | জনাব মোঃ কামরুল আজম | প্রধান প্রকৌশলী (দক্ষিণ) | সদস্য |
| ৩ | জনাব মোঃ রবিউল হাসান | মহাব্যবস্থাপক (আইসিটি/টেকনিক্যাল) | সদস্য সচিব/ ফোকাল পয়েন্ট |
| ৪ | জনাব মোঃ মোজাফফর হোসেন | নির্বাহী প্রকৌশলী, এনওসিএস জিগাতলা | সদস্য |
| ৫ | জনাব মোঃ এমদাদুল হক | ব্যবস্থাপক (আইসিটি) | সদস্য |
| ৬ | জনাব মোঃ মাহাবুব হোসেন | উপ-ব্যবস্থাপক (এইচআর) | সদস্য |

**সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটির দায়িত্ব:**

- সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন করা;
- ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা;
- সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা;
- সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করা।
- কমিটির সদস্য-সচিব প্রতি মাসে মূল এপিএ কমিটিকে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় বিষয় তথ্য-প্রমাণাদিসহ উপস্থাপন করবেন।

**ঘ) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটি:**

| ক্র নং | ডিপিডিসি'র কর্মকর্তাগণের নাম | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ রবিউল হাসান | মহাব্যবস্থাপক (আইসিটি/টেকনিক্যাল) | আহবায়ক |
| ২ | জনাব মোঃ কামরুল আহছান | উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) | সদস্য |
| ৩ | জনাব মোহাম্মদ মহিউল আলম | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (টিএন্ডডি) | সদস্য |
| ৪ | জনাব মুহাম্মদ কামাল হোসেন | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (এনওসিএস না'গঞ্জ) | সদস্য |
| ৫ | জনাব মোহাম্মদ সাহেদ বিশ্বাস | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মিটারিং) | সদস্য |
| ৬ | জনাব মোঃ আতিকুল ইসলাম | ব্যবস্থাপক (অর্থ) | সদস্য |
| ৭ | জনাব ডি. এম. কামরুল হাসান | ব্যবস্থাপক (আইসিটি) | সদস্য সচিব/ফোকাল পয়েন্ট |
| ৮ | জনাব কাজী আশিকুর রহমান | নির্বাহী প্রকৌশলী (রিনিউএবল এনার্জী এন্ড রিসার্চ) | সদস্য |
| ৯ | জনাব অমিত কুমার দাস | নির্বাহী প্রকৌশলী, গ্রীড (নর্থ-২) | সদস্য |
| ১০ | জনাব মোঃ তানভীর আহমেদ | সহকারী ব্যবস্থাপক (আইসিটি) | সদস্য |

**ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটির দায়িত্ব:**

- উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা আয়োজন করা;
- ই-নথির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তাদের প্রশিক্ষণের/ কর্মশালার আয়োজন করা;
- ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে সভা আয়োজন করা;
- তথ্য বাতায়ন হালনাগাদকরণ তদারকি করা;
- ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজন করা;
- ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/ ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা এবং
- ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়িত উদ্যোগ পরিদর্শন করা।
- কমিটির সদস্য-সচিব প্রতি মাসে মূল এপিএ কমিটিকে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় বিষয় তথ্য-প্রমাণাদিসহ উপস্থাপন করবেন।

**ঙ) তথ্য অধিকার বাস্তবায়ন কমিটি:**

| ক্রমিক নং | ডিপিডিসি'র কর্মকর্তাগণের নাম | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আসাদুজ্জামান | কোম্পানি সচিব | আহবায়ক |
| ২ | জনাব এ. এফ. এম. মবিন | প্রধান প্রকৌশলী (সেন্ট্রাল) | সদস্য |
| ৩ | জনাব মোঃ শামীমুল হক | উপ-মহাব্যবস্থাপক, এইচ.আর (পি.আর.) | সদস্য সচিব/ফোকাল পয়েন্ট |
| ৪ | জনাব সালেক মাহমুদ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সি এন্ড পি) | সদস্য |
| ৫ | জনাব মোঃ হেলাল উদ্দিন | ব্যবস্থাপক (আইসিটি) | সদস্য |

**তথ্য অধিকার বাস্তবায়ন কমিটির দায়িত্ব:**

- তথ্য অধিকার আইন অনুযায়ী সংশ্লিষ্ট পক্ষকে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান করা;
- প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা;
- বার্ষিক প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রকাশ করা;
- তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি করা এবং হালনাগাদ করা;
- তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে কর্মসূচির আয়োজন করা এবং
- তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণের আয়োজন করা।
- কমিটির সদস্য-সচিব প্রতি মাসে মূল এপিএ কমিটিকে তথ্য অধিকার বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় বিষয় তথ্য-প্রমাণাদিসহ উপস্থাপন করবেন।

পরিশেষে সভার আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন ।

(আবদুর রউফ খান)
নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি।

বিতরণ:
১। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি ।
২। নির্বাহী পরিচালক (অর্থ/আডমিনিসট্রেইশন এন্ড এইচআর/প্রকৌশল/আইসিটি এন্ড প্রক্রিউরমেন্ট), ডিপিডিসি।
৩। কোম্পানি সচিব/প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক, ..................................., ডিপিডিসি।
৪। সকল সদস্য এপিএ টিম, ডিপিডিসি।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ-মহাব্যবস্থাপক, .........................................., ডিপিডিসি।
৬। অফিস কপি/মাস্টার ফাইল-০০১।